# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 12 April, 2025

ভারতের জম্মু ও কাশ্মীরে দেশটির নিরাপত্তাবাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে এক সেনা কর্মকর্তাসহ অন্তত তিনজন নিহত হয়েছে। শনিবার (১২ এপ্রিল) ভারতীয় সেনাবাহিনী জানিয়েছে, জম্মু ও কাশ্মীরের কিশতওয়ার জেলার একটি তুষার-আবদ্ধ এলাকায় অভিযানের সময় দুইজন নিহত হন।এর আগে শুক্রবার একজনকে হত্যা করে ভারতীয় বাহিনী।

সরকারী সূত্রের বরাতে ভারতীয় বার্তা সংস্থা এএনআই জানিয়েছে, শনিবার নিহত ব্যক্তিরা পাকিস্তান ভিত্তিক জইশ-ই-মোহাম্মদ (জেএম) সংগঠনের সাথে জড়িত ছিল।এদের মধ্যে একজন শীর্ষ কমান্ডার সাইফুল্লাহও অন্তর্ভুক্ত দাবি ভারতের।নিহত সেনা কর্মকর্তা ভারতীয় সেনাবাহিনীর জুনিয়র কমিশনড অফিসার (জেসিও) ছিলেন।

সেনাবাহিনীর জম্মু-ভিত্তিক হোয়াইট নাইট কর্পস এক্স-এ একটি পোস্টে বলেছে, "খাতরু, কিশতওয়ারে চলমান অভিযানে, খারাপ এবং প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও, আরও দুই পাকিস্তানি সন্ত্রাসীকে খতম করা হয়েছে।একটি একে এবং একটি আম৪ রাইফেলসহ প্রচুর পরিমাণে অস্ত্র উদ্ধার করা হয়েছে"।

এর আগে বুধবার ওই অঞ্চলে অভিযান শুরু করে নিরাপত্তা বাহিনী।কর্মকর্তারা জানিয়েছেন, অভিযান অব্যাহত রয়েছে।তারা বলেছে, বুধবার থেকে উধমপুর জেলার বসন্তগড় এবং রামনগর এলাকায় আরও তিন সন্ত্রাসীর একটি দলকে খুঁজে বের করার জন্য একটি পৃথক অভিযান চলছে।

ভারত সেনা কর্মকর্তা সেনাবাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:33

URL: https://www.timestodaybd.com/across-the-country/646775807